

শ্রমিক লীগ সভাপতি ফজলুল হক মন্টুর ইন্তেকালে শ্রম প্রতিমন্ত্রীর শোক  
ঢাকা, শূক্রবার ২০ নভেম্বর ২০২০:

জাতীয় শ্রমিক লীগের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা, আন্তর্জাতিক পর্যায়ের শ্রমিক নেতা ফজলুল হক মন্টুর ইন্তেকালে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান এমপি। শূক্রবার (২০ নভেম্বর) ভোর রাত ৪টায় রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৭১ বছর বয়সে তার ইন্তেকালের সংবাদে প্রতিমন্ত্রী মরহমের রুহের কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক মন্টু ১৯৪৯ সালে পাবনা জেলায় জন্ম গ্রহণ করেন। তিনি মহান মুক্তিযুদ্ধে পাবনা অঞ্চলে সম্মুখ যোদ্ধা ছিলেন। তিনি পাবনা জেলা ছাত্রলীগের সভাপতিও ছিলেন। শ্রম প্রতিমন্ত্রী তাঁর শোকবার্তায় বলেন, মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদান ও শ্রমজীবী মেহনতি মানুষের অধিকার আদায়ের সংগ্রামের অগ্র ভাগের সৈনিক ফজলুল হক মন্টু তাঁর কর্ম ও আদর্শের মাঝে স্মরণীয় হয়ে থাকবেন। প্রতিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক ফজলুল হক মন্টুর মৃত্যুতে শ্রমজীবী মানুষের অধিকার আদায়ের সংগ্রামে যে ক্ষতি হলো তা পূরণ হবার নয়। দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের অসংখ্য শ্রমিক সংগঠনের সাথে যুক্ত ছিলেন ফজলুল হক মন্টু। তিনি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনসহ সকল কমিটির শ্রমিক প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। বাদ জুমা জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে নামাজে জানাযা শেষে এই বীর মুক্তিযোদ্ধাকে রায়েরবাজার বধ্যভূমি সংলগ্ন কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হবে।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com

